

## বিজ্ঞান

উচ্চ মাধ্যমিকে সর্বাধিক আলোচিত বিষয় হলো “বিজ্ঞান বিভাগ”। আধুনিক শিক্ষা ব্যবস্থার সাথে মিল রেখে বীর উত্তম শহীদ সামাদ স্কুল এন্ড কলেজের কলেজ পর্যায়ে ‘বিজ্ঞান বিভাগে’ বর্তমানে ১৫০ টি আসন রাখা হয়েছে।

### বিজ্ঞান বিভাগের বিষয় নির্বাচন

আবশ্যিক বিষয় ৩ টি	ঐচ্ছিক বিষয় ১ টি
১। পদার্থ বিজ্ঞান	১। জীব বিজ্ঞান
২। রসায়ন	২। উচ্চতর গণিত
৩। উচ্চতর গণিত অথবা জীব বিজ্ঞান	৩। পরিসংখ্যান
	৪। ভূগোল ও পরিবেশ বিদ্যা

বীর উত্তম শহীদ সামাদ স্কুল এন্ড কলেজে উপরিউক্ত সকল বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক দ্বারা পাঠদান করা হয়। বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে উচ্চতর ডিগ্রি অর্জন করতে চাইলে উচ্চ মাধ্যমিকে জীব বিজ্ঞান ও উচ্চতর গণিত দুইটি বিষয়ই রাখা ভালো। এজন্য একটিকে আবশ্যিক ও অন্যটিকে ঐচ্ছিক হিসেবে রাখা যায়।

উচ্চ মাধ্যমিকে বিজ্ঞান বিভাগে পড়াশোনা করে উচ্চ শিক্ষার জন্য (১) মেডিকেল কলেজ (২) ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয় (৩) কৃষি বিশ্ববিদ্যালয় (৪) বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (৫) বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব রসায়ন, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা, গণিত, ফলিত গণিত, কম্পিউটার সাইন্স, জীবাণুবিজ্ঞান, জেনেটিক্স, ফার্মেসী, ভূতত্ত্ব, নৃতত্ত্ব, আণবিক জীববিদ্যা সহ বিজ্ঞানের বিভিন্ন মৌলিক ও ব্যবহারিক বিষয়ে ভর্তি হয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের সুযোগ রয়েছে। ডাক্তার, ইঞ্জিনিয়ারিং, বি.সি.এস ও শিক্ষকতা সহ দেশে ও বিদেশে প্রথম শ্রেণির চাকরির জন্য উচ্চ মাধ্যমিকে বিজ্ঞান বিভাগে পড়ার গুরুত্ব অনেক। এছাড়াও দেশের সার্বিক বিকাশে আরো অনেকরকম ভাবে বিজ্ঞানে শিক্ষিত ছাত্র-ছাত্রীর প্রয়োজন।